১৪

দৈনিক বাংলা

তারিখ 04 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# দিনাজপুরে মহিলা মডেল স্কুল ও কলেজ স্থাপনে অর্থ বরাদ্দের অনুরোধ

শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৪৩তম বৈঠক বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। কমিটির চেয়ারম্যান শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার বৈঠকে সভাপতিত্ব করেন।

বৈঠকে দিনাজপুর মহিলা কলেজ গার্হস্থ্য অর্থনীতি বিভাগ খোলার পদ সৃষ্টির জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। এছাড়াও দিনাজপুরে একটি মহিলা মডেল স্কুল ও কলেজ স্থাপনের জন্য থোক বরাদ্দের ব্যাপারে প্রধানমন্ত্রীকে অনুরোধ জানানো হয়। খবর তথ্য বিবরণীর।

বৈঠকে নতুন স্কুল ভবন নির্মাণের পরিবর্তে পুরাতন স্কুল ভবনের সংস্কার এবং যেখানে দোতলা স্কুল ভবনের প্রয়োজন নেই সেখানে স্কুল স্থাপনের ওপর জোর দেয়া হয়।

কমিটির সদস্য মোঃ আমান উল্লাহ, মেজর (অবঃ) মোঃ কামরুল ইসলাম, খুরশীদ জাহান হক ও অধ্যাপক মোঃ রেজাউল করিম বৈঠকে অংশগ্রহণ করেন। শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক, প্রাইমারী ও গণশিক্ষা বিভাগের সচিব কাজী রকিবউদ্দীন বৈঠকে উপস্থিত ছিলেন।